

মুমিন নারীদের বিশেষ বিধান

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম পরিচ্ছেদ: হজ ও উমরায় নারীর বিশেষ বিধান

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

২. স্ত্রীর হজ যদি নফল হয় স্বামীর অনুমতি প্রয়োজন:

স্ত্রী নফল হজ করতে চাইলে স্বামীর অনুমতি প্রয়োজন। কারণ, স্ত্রী নফল হজে বের হলে তার ওপর স্বামীর যে হক রয়েছে তা বিনষ্ট হয়। ইবন কুদামাহ রহ. ‘আল-মুগনি’: (৩/২৪০) গ্রন্থে বলেন: “স্ত্রীকে নফল হজ থেকে নিষেধ করার অধিকার স্বামীর রয়েছে। ইবনুল মুনযির বলেন: যেসব আলেমের ইলম আমার নিকট রয়েছে, তারা সবাই একমত যে স্ত্রীকে নফল হজ থেকে বারণ করার ইখতিয়ার স্বামীর রয়েছে, তার কারণ স্বামীর হক তার ওপর ওয়াজিব, অতএব নফল ইবাদতের জন্য ওয়াজিব নষ্ট করার সুযোগ স্ত্রীর নেই, যেমন মনিব ও গোলামের পরস্পর হক”। সমাপ্ত।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=14715>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন